# ২০২৪

# বাংলা

**(অনার্স)**

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)**

**তৃতীয় সেমেস্টার**

**কোর্স কোড : BNGH-CC-T-7**

**(প্রবন্ধ নিবন্ধের রূপভেদ, জীবনী, প্রবন্ধ পাঠ)**

**[CBCS]**

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘কমলাকান্তের দপ্তর’ কার, কোন্ গ্রন্থের অনুসরণে লেখা?

খ) পত্রসাহিত্য বলতে কী বোঝায়? উদাহরণ দাও।

গ) রম্যরচনার সংজ্ঞা ও দুটি সার্থক রম্যরচনার নাম লেখো।

ঘ) দুটি সার্থক পত্রসাহিত্যের নাম লেখো।

ঙ) ‘আমার জীবন’ গ্রন্থটির প্রস্তাবনা অংশটি কে কবে লেখেন?

চ) ‘একা’ প্রবন্ধটি কোন্ গ্রন্থের অন্তর্গত? এটি কবে কোথায় প্রকাশিত হয়?

(পরের পাতায়)

ছ) উদাহরণসহ ভ্রমণসাহিত্যের সংজ্ঞা লেখো।

জ) 'আমি ঐ কড়ি আনিয়া নানাবিধ জিনিস তৈয়ার করিতে আরম্ভ করিলাম।' — কে কড়ি দিয়ে কী কী জিনিস বানিয়েছিলেন?

ঝ) 'মনুষ্যফল' প্রবন্ধে লেখক মানুষকে কিসের সঙ্গে তুলনা করেছেন?

ঞ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটির প্রবন্ধগুলি কোন পত্রিকায় কবে প্রথম প্রকাশিত হয়?

ট) 'উনি একটি সোহাগের আরসী' - কে কাকে কথাটি বলেছে? কথাটির অর্থ কী?

ঠ) 'আমার মন' প্রবন্ধের কয়টি অংশ ও কী কী?

ড) রাসসুন্দরী দেবীর স্কুল শিক্ষা কীভাবে শুরু হয় লেখো।

ঢ) 'সদ্য গাছ হইতে পাড়িয়া এ ফল খাইতে নাই' — কোন গ্রন্থে কোন ফলের কথা বলা হয়েছে?

ণ) সার্থক জীবনী সাহিত্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'দেখতে এসে ভবের খেলা, দেখি সব মেলা খেলা / মনোহারী দোকান খোলা' — কোন্ প্রসঙ্গে কেন একথা বলেছেন আলোচনা করো।

খ) একটি সার্থক ভ্রমণসাহিত্যের অবলম্বনে ভ্রমণসাহিত্যের স্বরূপ-বৈশিষ্ট্য আলোচনা করো।

গ) 'একা' প্রবন্ধে লেখক যে একাকীত্বের যন্ত্রণা ব্যক্ত করেছেন তা আলোচনা করো।



ঘ) 'আমার জীবন' গ্রন্থে রাসসুন্দরী দেবীর জীবন অবলম্বনে তৎকালীন নারীসমাজের চিত্র বর্ণনা করো।

ঙ) 'মনুষ্যসকল ফলবিশেষ — মায়াবৃন্তে সংসারবৃক্ষে ঝুলিয়া রহিয়াছে' — কমলাকান্ত কীভাবে মনুষ্যকে ফলের সঙ্গে তুলনা করেছেন - আলোচনা করো।

চ) ডায়েরির সংজ্ঞাসহ একটি সার্থক বাংলা ডায়েরির আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) আত্মজীবনীমূলক গ্রন্থরূপে 'আমার জীবন' কতখানি সার্থক আলোচনা করো।

খ) রম্যরচনা বলতে কী বোঝায়? একটি সার্থক রম্যরচনা উদাহরণসহ বিশ্লেষণ করো।

গ) পত্রসাহিত্য ও ডায়েরির পার্থক্য নির্দেশ করো।

ঘ) প্রবন্ধের সংজ্ঞাসহ শ্রেণীবৈশিষ্ট্য আলোচনা করো।